

২২৭

শিক্ষাঙ্গন

একটি সরকারী কলেজ

ময়মনসিংহের ঐতিহ্যবাহী আনন্দ মোহন কলেজ বর্তমানে বিভিন্ন সমস্যায় জর্জরিত হয়ে কোন রকমে টিকে আছে। দুঃখজনক হলেও সত্য যে, আনন্দ মোহন কলেজ সরকারীকরণের পর থেকে আজ পর্যন্ত কলেজের কোনরূপ উন্নতি হয়নি বরং সমস্যা বেড়ে গিয়ে আরো অবনতি ঘটেছে। আনন্দ মোহন কলেজের প্রধান সমস্যা হলো শিক্ষক সমস্যা। শিক্ষক স্বল্পতার দরুন একদিকে যেমন ছাত্ররা নিয়মিত ক্লাস করতে পারছে না এবং লেখাপড়ায় ক্ষতিগ্রস্ত হচ্ছে, অন্যদিকে তেমনি পরীক্ষায় তাদের আশানুরূপ ফল হচ্ছে না। যার দরুন অভিভাবকগণ শুধু হতাশায়ই ভুগছেন না, ছেলে-মেয়েদেরকে নিয়ে দারুণ দুঃস্বপ্নের মধ্যে দিন অতিবাহিত

করছেন।

এরপর কলেজ গ্রন্থাগারের কথা। গ্রন্থাগারে প্রয়োজনীয়সংখ্যক বই নেই। যা কিছু রয়েছে রক্ষণাবেক্ষণের অভাবে তা বিনষ্ট হওয়ার উপক্রম। গবেষণাগারে সাজ-সরঞ্জামের অভাব প্রকট। তবু ছাত্রদেরকে নিয়মিত ক্লাস করতে হচ্ছে। কলেজ হোস্টেলের অবস্থা শিক্ষক স্বল্পতার মতই করুণ। ছাত্র সংখ্যা আগের তুলনায় অনেকগুণ বাড়লেও নতুন হোস্টেল নির্মাণের কোন উদ্যোগ নেওয়া হয়নি। ফলে ছাত্রদের বাধ্য হয়েই থাকার জন্য মেসের সন্ধান করতে হয়। কিন্তু অধিকাংশ মেসে জীবনযাপন করা অত্যন্ত কষ্টকর। ভাল মেসে থাকা ব্যয়বহুল। ছাত্রীরাও একই সমস্যার শিকার। আনন্দ মোহন কলেজে বিপুলসংখ্যক ছাত্রী অধ্যয়ন করছে। কিন্তু তাদের জন্য হোস্টেলের কোন

ব্যবস্থা নেই এবং কর্তৃপক্ষ ছাত্রী হোস্টেল নির্মাণের কোন প্রয়োজনীয়তাও যেন অনুভব করছেন না।

এর ফলে ছাত্রীদের লেখাপড়া বিঘ্নিত হচ্ছে। কলেজের জিমনেসিয়ামটিতে বর্তমানে কোন সাজ-সরঞ্জাম নেই, নেই ঘরের চাল। জীর্ণ, ফাকা ঘরটি শুধু করুণভাবে দাঁড়িয়ে আছে। এখন ঘরটিতে কতিপয় ছিন্নমূল পরিবারের থাকার সুযোগ হয়েছে। কলেজের সম্মুখে বিরাট একটি মাঠ। এখানে ফুটবল এবং ক্রিকেট খেলা অনুষ্ঠিত হয়। কিন্তু সুন্দর এই মাঠটি দীর্ঘদিন যাবৎ সংস্কারবিহীন অবস্থায় পড়ে রয়েছে। ফলে কলেজের ছাত্র ছাড়াও এলাকার স্থানীয় খেলোয়াড়দের এই মাঠে অনুশীলন করা খুব কষ্টকর ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। উল্লেখ্য, আনন্দ মোহন কলেজের বহু ছাত্র

ঢাকার ক্রিকেট এবং ফুটবল লীগে অংশগ্রহণ করে থাকে। আনন্দ মোহন কলেজের দু'পাশে সুন্দর দু'টি ফুলের বাগান ছিল।

এতে কলেজের সৌন্দর্য ও শোভা বৃদ্ধি পেতো এবং পরিবেশকে বেশ আকর্ষণীয় করে তুলতো। উপযুক্ত রক্ষণাবেক্ষণের অভাবে ফুলের বাগানে বর্তমানে কোন ফুলের গাছ নেই। দীর্ঘদিন যাবৎ অবহেলিত অবস্থায় পড়ে রয়েছে।

আনন্দ মোহন কলেজ আজ নানান সমস্যায় জর্জরিত হয়ে অচলাবস্থার সম্মুখীন। সরকার এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় এসব সমস্যার আশু সমাধানকল্পে অনতিবিলম্বে সূচ্য পরিকল্পনা গ্রহণ করবেন— এটাই আমাদের প্রত্যাশা।

—রহমান মোস্তাফিজ